ভারতের সর্বাধিক প্রচারিত বাংলা দৈনিক সংবাদপত্র




নিউজ সারাদিন

বাংলার মানুষের সাথে, মানুষের পাশে





Digital Media Act No. : DM /34/2021 ● Prgi Application Process No. : T/WB/2024/0617/6991/1130 ● Govt. of India Reg No. : WB18D0018520 (UAN) ● ISBN No. : 978-93-5918-830-0 ● Website : https://epaper.newssaradin.live/

● বর্ষ ঃ ৫ ● সংখ্যা ঃ ০৫৪ ● কলকাতা ● ১২ ফাল্গুন, ১৪৩১ ● মঙ্গলবার ● ২৫ ফেব্রুয়ারী ২০২৫ ● পৃষ্ঠা - ৮ ● মূল্য - ৫ টাকা

# আলাদা সুবিধা নয়, সিগন্যালে আমজনতার সঙ্গে দাঁড়াতে হবে ভিআইপিদেরও, ঘোষণা মমতার



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন**

ভিআইপি-র গাড়ি বলে আলাদা সুবিধা মিলবে না। যত বড় কর্তাব্যক্তি হন আর পাঁচজনের মতো সিগন্যালে দাঁড়াতে হবে মন্ত্রী-আমলা-সরকারী আধিকারিকদের। সোমবার ধনধান্য অডিটোরিয়ামে এমনটাই ঘোষণা করলেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। এদিন মঞ্চে যখন বক্তব্য রাখছেন মুখ্যমন্ত্রী, পাশে বসে পুলিশ কমিশনার মনোজ বর্মা, ডিজি রাজীব কুমার, মুখ্যসচিব মনোজ পন্থ, স্বাস্থ্যসচিব নারায়ণ স্বরূপ নিগম।এদিন প্রতিটি গুরুত্বপূর্ণ মোড়ে ওয়াচ টাওয়ার তৈরি করার কথা ঘোষণা করেছেন মুখ্যমন্ত্রী। তারজন্য সমস্ত বিধায়ক-সাংসদদের তহবিলের টাকা দিতে অনুরোধ করেছেন। মুখ্যমন্ত্রীর কথায়," বিধায়ক-সাংসদদেরও সামাজিক কর্তব্যবোধ আছে। এটা একসময় আমিও করেছি। আজ যে ট্রাফিক স্ট্যান্ডে গান হয়, দক্ষিণ কলকাতার একাধিক সুদৃশ্য বাস স্ট্যান্ড, স্কুলের বাইরে অভিভাবকদের

এরপর ৩ পাতায়


# এবার প্রাইভেট প্র্যাকটিস নিয়ে বিরাট ঘোষণা মমতার




**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন**

সোমবার ধনধান্য স্টেডিয়ামে চিকিৎসকদের নিয়ে সম্মেলন করলেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় । সেখান থেকে ডাক্তারদের বেতন বৃদ্ধির ঘোষণা করেছেন তিনি। সেই সঙ্গেই আরও একটি 'সুখবর' দিয়েছেন রাজ্যের মুখ্যমন্ত্রী তথা স্বাস্থ্যমন্ত্রী মমতা।উল্লেখ্য, কয়েকমাস আগে

এরপর ৩ পৃষ্ঠায়




# ঘুটিয়ারি শরীফে রক্তদান শিবির ও সাংস্কৃতিক অনুষ্ঠানে ফারহাদ আলী কে সংবর্ধনা



স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন

দক্ষিণ ২৪ পরগনা জেলার ঘুটিয়ারি শরীফ আদর্শ পল্লী প্রগতি সংঘের উদ্যোগে সারাদিন ধরে চলে রক্তদান শিবির। এই রক্তদান শিবিরে মহিলা সহ পুরুষদের রক্তদানে ছিল চোখে পড়ার মত। রক্তদান শেষে চলে অঙ্কন প্রতিযোগিতা কবিতা আবৃত্তি শিল্পীদের নিয়ে গান নাটক সহ একাধিক কালচারাল প্রোগ্রাম। সেই সঙ্গে সন্ধ্যায় বিশিষ্ট ব্যক্তিদের উপস্থিতিতে ফারাজ আলী নামে ঘুটিয়ারি শরীফ পুলিশ ফাড়ির এক সিভিক ভলেন্টিয়ার ফারাজ আলী কয়েকদিন আগে পথ চলতি এক অসুস্থ মহিলাকে প্রানে বাঁচায়।ট্রেন আসার পাক মুহূর্ত রেল লাইনে পড়ে যায় ওই মহিলা । জীবনের বাজি রেখে ফারাজ আলী সেই মহিলাকে বাঁচিয়ে একেবারে চমকে দিয়েছে কয়েক হাজার মানুষকে। প্রত্যক্ষদর্শীরা বলে তুমি কি পাগল তুমি তো মরে যেতে পারতে। ফারাজ জালি সেদিন বলেছিল আমি তো মরে যাওয়ার জন্য জন্মেছি কিন্তু ওই মহিলা তো কারো মা। আমার চোখের সামনে দেখে আমি না থাকতে পেরে জীবনের বাজি রেখে রেললাইন থেকে উদ্ধার করি এটা আমার দায়িত্ব বলে মনে করি।

ঘুটিয়ারি শরীফ আদর্শ পল্লী প্রগতি সংঘের উদ্যোগে সংবর্ধিত করলেন সংবর্ধনা পেয়ে ফারাজ আলি খুবই আনন্দিত । উপস্থিত ছিলেন ঘুটিয়ারি শরীফ পুলিশ ফাঁড়ির অফিসার ইনচার্জ সুকুমার রুইদাস, বিশিষ্ট কবি ও সাহিত্যিক লিটন রাকিব,সংঘের পক্ষে প্রতাপ নস্কর, নারায়ন নস্কর সহ সমাজসেবক রাজু ডাক্তার এবং রোজ হেভেন স্কুলের কর্ণধর মঞ্জু লস্কর,সাংবাদিক হাসিবুর রহমান প্রমুখ। সমগ্র অনুষ্ঠানটির সঞ্চালনায় ছিলেন শতদল মন্ডল।

## 200 ছাত্র-ছাত্রীর মধ্যে শিক্ষা সামগ্রী বিতরণ



স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন

**কলকাতা।** তপসিয়ার 66 ন. ওয়ার্ডে জুগনু ফ্রি প্রাইমারি স্কুল এবং জুগনু স্পোর্টিং ক্লাব দ্বারা একটি অনুষ্ঠানের আয়োজন করা হয়েছিল।অনুষ্ঠানের প্রধান অতিথি ছিলেন রাজ্যের মন্ত্রী জাবেদ আহমেদ খান সহ পার্ষদ ফেজ আহমেদ খান, তিলজালা ওসি শুভরাতিক বন্দ্যোপাধ্যায় ।উক্ত অনুষ্ঠানে 200 ছাত্র-ছাত্রীর মধ্যে স্কুল ব্যাগ পেন্সিল বাক্স, টিফিন বাক্স প্রদান করা হয়।অনুষ্ঠানে রক্তদান শিবিরে 100 জন রক্তদান করেন। এই অনুষ্ঠানে বাবলু, আব্দুল, কসার, হায়দার, রশিদ, পান্না, আজগার, ইসলাম, নাঈম, মুস্তাক, রহমান, আক্তার, নানু, গোলাপ, রাজ, আসি, আমজাদ, আফজাল, ঝুনু, নওশাদ, বিকি, আকবার, রাজা, নাদিম উপস্থিত ছিলেন।

# ভয়ংকর পথ দুর্ঘটনায় এক নিমেষে নিঃস্ব হয়ে গেল বাঁকুড়া জেলার ইন্দাসের এক শিক্ষক পরিবারের সকল সদস্যের

সুচিন্ত্য গোস্বামী, বাঁকুড়া ইন্দাস

গুজরাটে ঘুরতে গিয়ে বাড়ি ফেরার পথে পথদুর্ঘটনায় মৃত্যু হল ইন্দাস থানা এলাকার এক শিক্ষক সহ তার স্ত্রী ও পুত্রের, ওই দুর্ঘটনায় মোট মৃত ছয় জন আহত ৪ জন ।

জানা যায়,গুজরাটের বিভিন্ন স্থানে ঘুরতে যায় বাঁকুড়া জেলায় ইন্দাস থানার কুশমুড়ি গ্রামের এক শিক্ষক তার স্ত্রী ও তার পুত্রসহ বেশ কয়েকজন আত্মীয় মিলে মোট ১০ জন। সমস্ত জায়গার দর্শনের পর গতকাল সন্ধ্যার সময় গুজরাট থেকে বাড়ি ফেরার জন্য এয়ারপোর্টের উদ্দেশ্যে একটি টুরিস্ট গাড়ি করে রওনা দেয়। এরপর গুজরাটের সুরেন্দনগর জেলার সায়লা লিমডি ন্যাসান্যাল হাইওয়েতে দুর্ঘটনার কবলে পড়ে ওই টুরিস্ট গাড়িটি। সামনের দিক থেকে একটি ডাম্পার এসে ওই টুরিস্ট গাড়িটিকে ধাক্কা মারলে দুমড়ে মুছে যায় টুরিস্ট গাড়িটি। ঘটনাস্থলেই মৃত্যু হয় দুই মহিলা সহ পাঁচ জনের। এই মৃত পাঁচজনের মধ্যে ছিল ইন্দাসের ঋতব্রত মুখোপাধ্যায় নামের ওই শিক্ষকের স্ত্রী রিতা মুখোপাধ্যায় এবং ছেলে দেবব্রত মুখোপাধ্যায়ের। পরে হাসপাতালে এসে শিক্ষক ঋতব্রত মুখোপাধ্যায়ের মৃত্যু হয়। বাকি মৃতদের বাড়ি বর্ধমান ও আসানসোলে। আহতদের চিকিৎসা চলে স্থানীয় হাসপাতালে। আজ ভোর পাঁচটা দশে গুজরাট এয়ারপোর্ট থেকে প্লেন ধরার কথা ছিল তাদের।







(১ম পাতার পর)

# আলাদা সুবিধা নয়, সিগন্যালে আমজনতার সঙ্গে দাঁড়াতে হবে ভিআইপিদেরও, ঘোষণা মমতার

বসার জায়গা, শ্মশানের বাইরে সৌন্দর্যায়ন-এগুলো আমি এমপি ল্যাডের টাকা থেকে করেছিলাম। এখন সরকারী ভাবে হয়।”চিকিৎসকদের এক কনভেনশনে সোমবার বক্তব্য রাখতে গিয়ে মুখ্যমন্ত্রী বলেন, বাংলায় কোনও ভিআইপির জন্য গাড়ি বন্ধ থাকবে না।

নিজের উদাহারণ টেনে মুখ্যমন্ত্রী বলেছেন, “আমি কখনও পুলিশকে বলি না, আমার গাড়ি গেলে একটাও গাড়ি আটকাবে। আমি পছন্দ করি ট্রাফিক জ্যামে দাঁড়িয়ে থাকতে।” মুখ্যমন্ত্রীর জনসংযোগ সর্বজনবিদিত। শহরে জেলায় যেখানেই তিনি যান ভিড় জমে যায়। মুখ্যমন্ত্রী পছন্দ করেন সেই ভিড়ের পায়ে-পায়ে চলতে। রাস্তার ধারে দাঁড়িয়ে থাকা মানুষদের প্রতি নমস্কার জানান।বাম আমলে মুখ্যমন্ত্রী জ্যোতি বসু-বুদ্ধদেব ভট্টাচার্যের কনভয় যাওয়ার সময় আটকে দেওয়া হত রাস্তা। আমজনতাকে দাঁড়িয়ে থাকতে হত যতক্ষণ না 'ভিআইপি' পাস করছে। এদিন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় বলেছেন, “আর পাঁচজন সাধারণ মানুষ যদি ট্রাফিক সিগনালে দাঁড়াতে পারে, আমিও পারব। আমি কোনও হরিদাস নই। আমি পছন্দ করি সাধারণ মানুষের মতো চলতে।” মুখ্যমন্ত্রীর বক্তব্য, “কেউ কেউ ট্রাফিক সিগনালে অতি ব্যস্ততা দেখায়। আমার এটা ভাল লাগে না। আমি বলতে বলতে বিরক্ত হয়ে গিয়েছি। একজন ভিআইপি যাবে বলে অন্য গাড়ি বন্ধ করে দিয়ে সাধারণ মানুষকে দীর্ঘক্ষণ দাঁড় করিয়ে রাখা উচিৎ নয়। মনে রাখবেন সবারই কাজ থাকে।” তাঁর বক্তব্য, “যদি সবাই সিগনাল মানে তাহলে গ্রিন করিডর করার প্রয়োজন পড়ে না।” ডিজি রাজীব কুমার, পুলিশ কমিশনার মনোজ বর্মাকে উদ্দেশ্য করে মুখ্যমন্ত্রী বলেছেন, “শুধু লক্ষ রাখবেন রাস্তার ক্রসিংগুলোয় যেন দুর্ঘটনা না ঘটে।”

(১ম পাতার পর)

# এবার প্রাইভেট প্র্যাকটিস নিয়ে বিরাট ঘোষণা মমতার

ডাক্তারদের প্রাইভেট প্র্যাকটিসের বিষয়ে বেশ কিছু শর্তারোপ করেছিল স্বাস্থ্য ভবন। সেখানে বলা হয়, এবার থেকে প্রাইভেট প্র্যাকটিসের জন্য নো অবজেকশন সার্টিফিকেট তথা এনওসি বাধ্যতামূলক। সেই সঙ্গেই সরকারি ডাক্তারদের হাসপাতালের ২০ কিমির মধ্যে প্রাইভেট প্র্যাকটিস করতে হবে বলে জানানো হয়। আজ সেই পরিধি আরও ১০ কিলোমিটার বাড়িয়ে দেওয়ার ঘোষণা করলেন মমতা (Mamata Banerjee)। তবে সরকারি পরিষেবা দেওয়ার সময় চিকিৎসকরা যাতে কোথাও না যান, সেই অনুরোধ করেন তিনি।আজ রাজ্য স্বাস্থ্য দফতরের তরফ থেকে 'চিকিৎসার অরেক নাম সেবা' নামক একটি সম্মেলনের আয়োজন করা হয়েছিল। সেখানে বক্তব্য রাখতে গিয়ে বেশ কিছু ঘোষণা করেন মমতা। বেতন বাড়ানোর পাশাপাশি চিকিৎসকদের প্রাইভেট প্র্যাকটিস সংক্রান্ত একটি নিয়মও শিথিল করার ঘোষণা করেন তিনি।

এদিনের সম্মেলনে সিনিয়র ডাক্তারদের উদ্দেশে মমতা বলেন, 'সিনিয়র চিকিৎসকদের অনুরোধ করব, দয়া করে জুনিয়রদের ওপর সবটা ছেড়ে দেবেন না। অন্তত ৮ ঘণ্টা সরকারি পরিষেবা দিন। তারপর প্রাইভেট প্র্যাকটিস করুন। আমার তাতে আপত্তি নেই। আপনাদের জন্য বেঁধে দেওয়া ২০ কিলোমিটারটা আমি ৩০ কিলোমিটার করে দিচ্ছি। কারণ কলকাতায় ৩০ কিমির মধ্যে অনেক হাসপাতাল রয়েছে'। একইসঙ্গে মুখ্যমন্ত্রী তথা স্বাস্থ্যমন্ত্রীর অনুরোধ, 'সরকারি পরিষেবা দেওয়ার সময় দয়া করে যাবেন না। প্রয়োজন পড়লে হাসপাতালে ডেকে নিন। আমাদের তো পরিকাঠামো রয়েছে। সেখানে যা করার করুন'।

উল্লেখ্য, সাম্প্রতিক অতীতে সরকারি চিকিৎসকদের প্রাইভেট প্র্যাকটিস নিয়ে বিস্তর জলঘোলা হয়েছে। প্রাইভেট প্র্যাকটিসের কারণে সরকারি হাসপাতালে ডাক্তারদের দেখা মেলে না, এমন অভিযোগও উঠেছে। সম্প্রতি মেদিনীপুর মেডিক্যাল কলেজে 'স্যালাইন কাণ্ডে'র পরেও এই তত্ত্ব সামনে আসে। এই আবহে এবার ডাক্তারদের সম্মেলন থেকে চিকিৎসকদের প্রাইভেট প্র্যাকটিস নিয়ে বার্তা দিলেন মুখ্যমন্ত্রী।

# পানাগড়ে মৃত তরুণীর মা বললেন, 'প্রশাসন বলে কিছু নেই

**স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন**

এখনও অধরা পানাগড়কাণ্ডের পাঁচ 'ইভটিজ়ার'। রবিবার মধ্যরাতে ওই ঘটনার পর এখনও কেন তাঁদের গ্রেফতার করতে পারল না পুলিশ, তা নিয়ে প্রশ্ন তুলেছেন মৃতার মা। ক্ষোভ উগরে দিয়ে তিনি বলেন, ''যা দেখা যাচ্ছে, প্রশাসন বলে কিছু নেই!''সুতন্দ্রা চন্দননগরের বাসিন্দা। মেয়ের মৃত্যুর খবর পেয়েই সেখানে আসানসোলে এসেছেন মা তনুশ্রী চট্টোপাধ্যায়। আসানসোল জেলা হাসপাতালে তাঁর মেয়ের দেহের ময়নাতদন্ত হবে। তার আগে থানায় যাওয়ায় সময় তনুশ্রী বলেন, ''আমি দোষীদের কঠোর শাস্তি চাইছি। কিন্তু আমার মনে হচ্ছে, পুলিশ কিছু আড়াল করার চেষ্টা করছে। না হলে এতটা সময় পেরিয়ে যাওয়ার পরেও কেন কাউকে ধরতে পারল না? প্রশাসন বলে কিছু নেই।''

তদন্তের অগ্রগতি নিয়ে প্রশ্ন করা হয়েছিল আসানসোল-দুর্গাপুর কমিশনারেটের এসিপি সুমন জয়সওয়ালকে। তাঁর বক্তব্য, ''সিসিটিভি সংগ্রহ করার কাজ চলছে। এখনও কেউ গ্রেফতার হয়নি। তদন্ত হোক, তার পরেই গোটা বিষয়টি জানানো হবে।''রবিবার গভীর রাতে পানাগড়ের রাস্তায় গাড়ি দুর্ঘটনায় মৃত্যু হয়েছে চন্দননগরের বাসিন্দা সুতন্দ্রা চট্টোপাধ্যায়ের। অভিযোগ, কয়েক জন মত্ত যুবক গাড়ি নিয়ে এসে তরুণীর গাড়িতে বার বার ধাক্কা দেন। তাঁদের হাত থেকে বাঁচতেই দ্রুত

এরপর ৪ পাতায়

## সম্পাদকীয়

### মেগা বৈঠকের আগেই কালীঘাটে মমতা-অভিষেক

বছর ঘুরলেই পশ্চিমবঙ্গের বিধানসভা নির্বাচন। ২৬-এর নির্বাচনের আগে এখন থেকেই ঘুঁটি সাজাতে ব্যস্ত রাজনৈতিক দলগুলি। বিশেষ করে রাজ্যের শাসক দল তৃণমূল কংগ্রেসের কাছে এই নির্বাচন মানে একেবারে 'মরণ-বাঁচনের লড়াই'। দীর্ঘ ১০ বছরের বেশি সময় ধরে একক সংখ্যাগরিষ্ঠতার সাথে বাংলা জুড়ে নিজের সাম্রাজ্য বানিয়েছেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় ।উল্লেখ্য, ভোটের আগে রদবদল নিয়ে তৃণমূলের অন্দরে তৈরী হয়েছে বিস্তর জল্পনা। ইতিমধ্যেই রদবদল হয়েছে অধ্যাপক, শিক্ষক সংগঠনগুলিতে। গত বছর আরজি কর হাসপাতালের তরুণী চিকিৎসকের ধর্ষণ-হত্যাকাণ্ডের পর তুমুল সমালোচনার মুখে পড়েছিল রাজ্যের শাসক দল। যথারীতি সেই সুযোগের সদ্ব্যবহার করেছিল রাজ্যের বিরোধীরা। আসন্ন নির্বাচনেও এই বিষয়টিকে তারা আবার হাতিয়ার করতে পারে। তাই আগে থেকেই সতর্ক হয়েছে তৃণমূল। সেই উদ্দেশ্যেই এবার মজবুত করে তোলা হচ্ছে রাজ্যের চিকিৎসক সংগঠনগুলিকে। ভোটের রণকৌশল তৈরি করতে আগামী ২৭ ফেব্রুয়ারি নেতাজি ইন্ডোর স্টেডিয়ামে আয়োজন করা হচ্ছে তৃণমূলের 'মেগা' সাংগঠনিক বৈঠক। সেখানে উপস্থিত থেকেই বক্তব্য রাখবেন খোদ তৃণমূল সুপ্রিয় মমতা বন্দ্যোপাধ্যায় । সেই মেগা বৈঠকের আগেই এবার দলের 'সেকেন্ড ইন কম্যান্ড' অভিষেক বন্দ্যোপাধ্যায়ের সাথে কালীঘাটের বাড়িতে একান্ত আলোচনায় বসলেন দলনেত্রী। সূত্রের খবর রবিবার বিকেলে অভিষেকের সঙ্গে আলোচনায় বসেছিলেন মমতা।

আসন্ন নির্বাচনকে সামনে রেখেই তৃণমূলের অন্দরে এখন উত্তেজনা তুঙ্গে। বিগত দশ বছর ধরে ভোটের ময়দানে একক সংখ্যাগরিষ্ঠতা নিয়ে অপ্রতিরোধ্য হয়ে উঠছে তৃণমূল সরকার। তাই নিজেদের সাফল্যকে ধরে রাখতেই এখন থেকেই নির্বাচনী রোডম্যাপ তৈরিতে ব্যস্ত ঘাসফুল শিবির। মূলত সেই উদ্দেশ্যেই আগামী ২৭ তারিখ রয়েছে তৃণমূলের 'মেগা' সাংগঠনিক বৈঠক। তার আগে এবার দলের সাধারণ সম্পাদক অভিষেক বন্দেয়াপাধ্যায়কে সঙ্গে নিয়ে একান্ত বৈঠক সারলেন মমতা।

জানা যাচ্ছে, আসন্ন নির্বাচনকে পাখির চোখ করে ২৯৪টি আসনের মধ্যে মোট ২৫০টি আসনের লক্ষ্যমাত্রা ঠিক করেছে তৃণমূল শিবির। অন্যদিকে একাধিক রাজ্যে পদ্ম ফোটাতে মরিয়া সংঘ। সেই বিষয়টিকে সামনে রেখে সংগঠন মজবুত করার ওপরেও জোর দিচ্ছে শাসক শিবির। তাই ভোটের রণকৌশল তৈরি করতে ইদানিং মাঝেমধ্যেই বৈঠক ডাকছেন খোদ দলের সুপ্রিমো। সম্প্রতি দলের মধ্যে তৈরি হওয়া নবীন-প্রবীণ দ্বন্দ্ব থেকে শুরু করে গোষ্ঠীদ্বন্দ্ব প্রসঙ্গেও স্পষ্ট বার্তা দিয়েছেন নেত্রী।

# মায়ের আশীর্বাদ অসীম



মৃত্যুঞ্জয় সরদার
(চতুর্থ পর্ব)



ছিলেন, সেখানে এক ভদ্রলোক তাঁকে অনেক্ষন ধরে লক্ষ্য করছিলেন।এক সময় সেই ভদ্রলোক স্বামীজীর কাছে এসে বসলেন। স্বামীজী তার দিকে বিশেষ নজর না দিয়ে দেশের ও দেশের মানুষের কথা ভাবছিলেন।তার তখন প্রচন্ড খিদেও পেয়েছিল। যাইহোক, লোকটি কিছুক্ষণ বসে থাকার পর হঠাৎ স্বামীজীকে বললেন - এ জীবন কেন বেছে নিলেন ? আপনার বয়স এখন খুব কম। আপনি এই বয়সে কর্ম ত্যাগ করে এই গেরুয়া বসন পরে ঘুরে বেড়াচ্ছেন।আলস্য জীবন যাপন করে কি লাভ ? খেটে খেতে শিখুন, এতেই সব আনন্দ। পরের দয়ায় পেট

ক্রমশঃ

(লেখকের অভিমতের জন্য লেখক দায়বদ্ধ)

(৩ পাতার পর)

# পানাগড়ে মৃত তরুণীর মা বললেন, 'প্রশাসন বলে কিছু নেই

গতিতে চালাতে গিয়ে উল্টে যায় তরুণীর গাড়ি। ঘটনাস্থলেই মৃত্যু হয় সুতন্দ্রার। গাড়ি থাকা তাঁর দুই সহকর্মীও হাসপাতালে ভর্তি।

পুলিশ সূত্রে খবর, দুর্ঘটনার পর অভিযুক্তেরা ঘটনাস্থলেই গাড়ি রেখে চম্পট দিয়েছেন। তরুণীর গাড়ির পাশাপাশি অভিযুক্তদের গাড়িটিও আটক করা হয়েছে। তাঁদের গাড়ির নম্বর 'ডব্লুবি৪০এটি১৯৭৪'। তদন্তকারীরা জানতে পেরেছেন, গাড়িটি জনৈক বাবলু যাদবের নামের রয়েছে। গাড়ির মালিকের পরিচয় জানার পরেও কেন কাউকেই ধরা গেল না, তা নিয়ে প্রশ্ন তুলছেন অনেকে। সুতন্দ্রা চন্দননগরের বাসিন্দা। মেয়ের মৃত্যুর খবর পেয়েই সেখানে আসানসোলে এসেছেন মা তনুশ্রী চট্টোপাধ্যায়। আসানসোল জেলা হাসপাতালে তাঁর মেয়ের দেহের ময়নাতদন্ত হবে। তার আগে থানায় যাওয়ায় সময় তনুশ্রী বলেন, "আমি দোষীদের কঠোর শাস্তি চাইছি। কিন্তু আমার মনে হচ্ছে, পুলিশ কিছু আড়াল করার চেষ্টা করছে। না হলে এতটা সময় পেরিয়ে যাওয়ার পরেও কেন কাউকে ধরতে পারল না? প্রশাসন বলে কিছু নেই।"

## শিবরাত্রি ব্রতের ব্যাখ্যা করেন মহাদেব স্বয়ং



-: মৃত্যুঞ্জয় সরদার :-

সেই কলসে পদ্ম অঙ্কিত থাকে এবং তা পানিদ্বারা পূর্ণ করে দূর্বা ঘাসের উপর স্থাপন করা হয়। কোনো কোনো স্থানে আবার শিবলিং- এর মাধ্যমে পূজা করা হয়ে থাকে। শিবলিং-এ দুধ, দই এবং ঘৃত দ্বারা স্নান করানো হয়। ভক্তরা পূজা সম্পন্ন করেন শিবলিং-এ বিল্বপত্র অর্পনের মাধ্যমে।

ক্রমশঃ

• সতর্কীকরণ •

এই পত্রিকায় প্রকাশিত সমস্ত বিজ্ঞাপনের দায় বিজ্ঞাপনদাতার পাঠকদের যথাযথ অনুসন্ধানের পর আস্থা স্থাপনের অনুরোধ জানাই। বিজ্ঞাপনদাতার ওপর বিশ্বাস রেখে বিজ্ঞাপন ছাপানো হয়। এই ব্যাপারে পত্রিকা কোনো রকম দায়িত্ব নেবে না।

# আই-প্যাককে 'অসৎ, ঠিকাদার' সংস্থা বলে তোপ দাগলেন কল্যাণ

**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন**



নবান্নে আই-প্যাক কর্তা প্রতীক জৈনের সঙ্গে বৈঠক করেছেন মুখ্যমন্ত্রী তথা তৃণমূল সুপ্রিমো মমতা বন্দ্যোপাধ্যায়। এর কিছুদিন আগেই আই-প্যাকের বিরুদ্ধে কার্যত যুদ্ধ ঘোষণা করে শেষমেশ রণেভঙ্গ দেন তৃণমূলের প্রবীণ নেতা মদন মিত্র। এই প্রেক্ষাপটে অনলাইন নিউজ পোর্টাল 'দ্য ওয়াল'-কে দেওয়া সাক্ষাৎকারে আই-প্যাকের বিরুদ্ধে মুখ খুললেন তৃণমূল সাংসদ কল্যাণ বন্দ্যোপাধ্যায়!তবে, এসবের মাঝেই লক্ষ্যণীয় বিষয় হল - নেতা হিসাবে অভিষেক বন্দ্যোপাধ্যায়কে 'ফুল মার্কস' দিয়েছেন বয়সে এবং অভিজ্ঞতায় সিনিয়র কল্যাণ। তিনি মনে করেন, বড় নেতা হওয়ার মতো সমস্ত যোগ্যতাই অভিষেক বন্দ্যোপাধ্যায়ের রয়েছে। তবে, তিনি কার পরামর্শ মেনে চলবেন, সেটা একেবারেই তাঁর ব্যক্তিগত বিষয়। কিন্তু, কল্যাণের জোর যুক্তি - অভিষেক বন্দ্যোপাধ্যায় আর আই-প্যাক মোটেও সমার্থক নয়।

আই-প্যাক শুধুই উদীয়মান রাজনৈতিক শক্তিগুলির সঙ্গে সঙ্গত করে তাদের ভোট বৈতরণী পার করিয়ে দেওয়ার দাবি করে বলেও মনে করেন কল্যাণ। এবার দেখার, আগামী দিনে কল্যাণ তাঁর এই অবস্থানে টিকে থাকেন, নাকি মদন মিত্রের মতো তাঁকেও অবস্থান বদল করতে হয়!আর, শুধু মুখ খুললেন বললেই বোধ হয় পুরোটা বলা হয় না - বস্তুত, সংশ্লিষ্ট প্রতিবেদনে কল্যাণের প্রায় ৬ মিনিটের যে সাক্ষাৎকার প্রকাশ করা হয়েছে, তা তীব্র আক্রমণাত্মক। পেশাদার আইনজীবী, সংসদে প্রবল 'ভোকাল' এই মানুষটি যে আই-প্যাককে নিয়ে একটুও সন্তুষ্ট নন, বরং বেজায় ক্ষুব্ধ, সেটা কোনওরকম রাখঢাক না করেই স্পষ্ট করে দিয়েছেন তিনি। প্রশান্ত কিশোর থেকে শুরু করে প্রতীক জৈন - কল্যাণ কাউকেই আক্রমণ করতে ছাড়েননি।এই সাক্ষাৎকারে কল্যাণ আই-প্যাককে কোনও ভোটকুশলী সংস্থা বলে পাত্তাই দেননি! বরং, তাঁর মতে আই-প্যাক হল একটি 'ঠিকাদার' সংস্থা। কল্যাণের সাফ কথা, একটা রাজনৈতিক দল কীভাবে কাজ করবে, সেটা সেই দলের নেতৃত্ব ঠিক করবে। কাজ হবে নেতৃত্বের বিশ্লেষণ অনুসারে। কোনও নেতা বা কর্মীর রাজনৈতিক যোগ্যতা রয়েছে কিনা, সেটা কোনও 'কন্ট্রাক্টর' (ঠিকাদার) সংস্থা স্থির করে দেবে না!

# গোষ্ঠীদ্বন্দ্ব চরমে! চার জেলা সভাপতি নির্বাচন ঘিরে বিপাকে বঙ্গ বিজেপি



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন**

প্রবল গোষ্ঠীদ্বন্দ্বের কারণে রাজ্যের চারটি সাংগঠনিক জেলায় সম্ভাব্য জেলা সভাপতির নামের তালিকা তৈরি করতে পারল না রাজ্য বিজেপি নেতৃত্ব। ফলে সেই চার জেলা বাদে বাকি ৩৯টি সাংগঠনিক জেলার সম্ভাব্য তালিকা নিয়ে দিল্লি গেলেন বাংলার দায়িত্বপ্রাপ্ত সর্বভারতীয় সাধারণ সম্পাদক সুনীল বনশল।

সুকান্তর দাবি, দলীয় সংবিধান অনুযায়ী ৫০ শতাংশের বেশি মণ্ডল কমিটি গঠিত হলে জেলা সভাপতি নির্বাচন ও ৫০ শতাংশ জেলা কমিটি তৈরি করা হলে রাজ্য সভাপতি নির্বাচন হওয়া সম্ভব। সেই হিসাবে ৪৩টির মধ্যে ৩৯টি জেলার সভাপতির নাম ঘোষণা হয়ে গেলে রাজ্য সভাপতি নির্বাচন করার কাজ শুরু করতে কোনও বাধা থাকবে না। রাজ্য বিজেপি সূত্রে খবর, চলতি মাসের মধ্যেই ৩৯টি জেলার সভাপতির নামে সিলমোহর দিয়ে দেবে সর্বভারতীয় নেতৃত্ব। সেক্ষেত্রে দোল পূর্ণিমার আগেই নতুন রাজ্য সভাপতি পাওয়ার সম্ভাবনা প্রবল।রবিবার বিধাননগরের দলীয় কার্যালয়ে সম্ভাব্য জেলা সভাপতিদের নামের তালিকা তৈরি করতে বঙ্গ বিজেপি শীর্ষ নেতৃত্বকে নিয়ে বৈঠকে বসেছিলেন বনশল।

সুকান্ত মজুমদার, অমিতাভ চক্রবর্তী, সতীশ ধন্দ, লকেট চট্টোপাধ্যায়, অগ্নিমিত্রা পাল, নির্বাচনী প্রক্রিয়ার দায়িত্বপ্রাপ্ত দীপক বর্মনরা উপস্থিত থাকলেও অন্য কর্মসূচি থাকায় অনুপস্থিত ছিলেন শমীক ভট্টাচার্য। সাংগঠনিক দায়িত্ব না থাকায় বৈঠকে ছিলেন না শুভেন্দু অধিকারী বা দিলীপ ঘোষ। দলীয় সূত্রে খবর, প্রবল গোষ্ঠীদ্বন্দ্বের কারণে চারটি সাংগঠনিক জেলার সম্ভাব্য তিনজন সভাপতির নাম নিয়ে সহমতে পৌঁছনো সম্ভব হয়নি। বৈঠক শেষে রাজ্য সভাপতি সুকান্ত মজুমদার জানান, মোট ৪৩টি সাংগঠনিক জেলার মধ্যে ৩৯টি জেলার সম্ভাব্য সভাপতি হিসাবে তিনটি করে নামের তালিকা তৈরি করা হয়েছে। সেই তালিকা দিল্লিতে পাঠানো হয়েছে। চারটি জেলার ক্ষেত্রে সহমত না হওয়ায় নামের তালিকা তৈরির কাজ স্থগিত রাখা হয়েছে।

## আপাতকালীন পরিষেবা তালিকাসূচী

**Emergency Contacts**
Ambulance - 102
Ambulance (Bandhumahal Club) - 9735697689
Child Line – 112
Canning PS - 03218-255221
FIRE - 9064495235

**Contacts of Hospital, Nursing Home & Doctors**
Canning S.D Hospital - 03218-255352
Dipanjan Nursing Home - 03218-255691
Green View Nursing Home - 03218-255550
A.K.Moolal Nursing Home - 03218-315247
Binapani Nursing Home - 9732545652
Nazat Nursing Home, Taldi - 9143032199
Welcome Nursing Home - 9733593488
Dr. Bikash Sapui - 03218-255269
Dr. Biren Mondal - 03218-255247
Dr Arun Dulal Paul - 03218 - (Cham) 253219
(Re) 255548
Dr. Phani Bhusan Das - 03218 - 255364,
(Cham) 255264
Dr. A.K. Bhartacherjee - 03218-255518
Dr. Lokenath Sa - 03218-255660

**Administrative Contacts**
SP Office - 033-24330010
SDO Office - 03218-255340
SDPO Office - 03218-285398
BDO Office - 03218-255205

**Contacts of Railway Stations & Banks**
Canning Railway Station - 03218-255275
SBI (Canning Town) - 03218-255216,255218
PNB (Canning Town) - 03218-255231
Mahila Co-operative Bank - 03218-255134
WB State Co-operative - 03218-255239
Bandhan Bank - Mob. No. 7596012991
Axix Bank - 03218-255352
Bank of Boroda, Canning - 03218-257888
ICICI Bank, Canning - 03218-255206
HDFC Bank, Canning Hos. More - 9088107808
Bank of India, Canning - 03218 - 245091

## রাত্রিকালীন ঔষধ পরিষেবার তালিকাসূচী (ক্যানিং)

প্রতি মাসের এই তারিখে এই সমস্ত দোকান খোলা থাকবে

| | | | | | |
|---|---|---|---|---|---|
| 01 সুন্দরবন ব্লু প্রিন্ট ফামেসি | 02 ভারত মেডিকেল হল | 03 সপ্না মেডিকেল হল | 04 ভারত মেডিক্যাল হল | 05 ঘোষ মেডিকেল | 06 ঔষধ ঘর |
| 07 আরোগ্য মেডিক্যাল | 08 মেডিকেয়ার ফার্মেসী | 09 সুন্দরবন ব্লু প্রিন্ট ফামেসি | 10 জীবন জ্যোতি ফার্মেসী | 11 সিনহা মেডিকেল হল | 12 গোকুল ফার্মেসী |
| 13 ঔষধ ঘর | 14 সৌভিক ফামেসি | 15 নির্মলা মেডিকেল হল | 16 মাতৃ ফার্মেসী | 17 ইউনিক ফার্মেসী | 18 সুন্দরবন ব্লু প্রিন্ট ফামেসি |
| 19 ঘোষ মেডিকেল | 20 সৌভিক ফামেসি | 21 আরোগ্য মেডিকেল | 22 মেডিকেয়ার ফার্মেসী | 23 শোভা মেডিকেল হল | 24 প্রমিলা মেডিকেল কর্নার |
| 25 সিনহা মেডিকেল হল | 26 ঘোষ মেডিকেল | 27 মাতৃ ফার্মেসী | 28 সৌভিক ফামেসি | 29 নির্মলা মেডিকেল হল | 30 মাতৃ ফার্মেসী |



# মাননীয় প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর "মন কি বাত" (১১৯ তম পর্ব) অনুষ্ঠানের বাংলা অনুবাদ

## (দ্বিতীয় পর্ব)

media account যেমন X, Instagram এগুলো দেশের কিছু inspiring women যাঁরা, তাদের কাছে একদিনের জন্য সমর্পণ করতে চলেছি। এমন women ( নারীরা) যাঁরা বিভিন্ন ক্ষেত্রে অভিজ্ঞতা অর্জন করেছেন, innovation করেছেন, ভিন্ন ভিন্ন ক্ষেত্রে নিজেদের একটা স্বতন্ত্র পরিচিতি তৈরি করেছেন। ৮ই মার্চ, তাঁরা তাঁদের কাজ ও অভিজ্ঞতার কথা দেশবাসীর সঙ্গে ভাগ করে নেবেন। Platform-টা যদিও আমার হবে কিন্তু সেখানে তাঁদের অনুভূতি, চ্যালেঞ্জে ও অভিজ্ঞতার কথাই হবে। যদি আপনি মনে করেন যে এই সুযোগ আপনার পাওয়া উচিত তাহলে NAMO app-এ বানানো বিশেষ ফোরামের মাধ্যমে এই প্রয়োগ-মূলক সুবিধার অংশ হতে পারেন, এবং আমার X ও instagram account থেকে সারা বিশ্বের কাছে নিজের কথা পৌঁছে দিতে পারেন; তাহলে আসুন এবার নারী দিবসে আমরা সবাই মিলে অদম্য নারী শক্তিকে সেলিব্রেট করি, সম্মান করি, প্রণাম করি।

আমার প্রিয় দেশবাসী, আপনাদের মধ্যে এমন অনেকেই আছেন যারা উত্তরাখণ্ডে হওয়া জাতীয় ক্রীড়া প্রতিযোগিতার রোমাঞ্চ উপভোগ করেছেন। সারা দেশ থেকে ১১,০০০-এর বেশি athletes এখানে চমৎকার প্রদর্শন করেছেন। এই আয়োজন দেবভূমির নতুন রূপ তুলে ধরেছে। উত্তরাখন্ড এখন দেশের strong sporting force হিসেবে উঠে আসছে। উত্তরাখণ্ডের খেলোয়াড়েরাও সুন্দর প্রদর্শন করেছেন। এবার উত্তরাখন্ড সপ্তম স্থান অধিকার করেছে- এটাই তো power of sports, যা individual এবং communities এর সঙ্গে সঙ্গে সারা রাজ্যেকে পুনরুজ্জীবিত করে তুলেছে। এতে যেমন পরবর্তী প্রজন্ম অনুপ্রাণিত হয় তেমনি culture of excellence-এরও প্রসার ঘটে। বন্ধুরা, আজ দেশব্যাপী এই খেলাগুলোর কিছু অবিস্মরণীয় প্রদর্শনের চর্চা হচ্ছে।এই খেলায় সবচেয়ে বেশি স্বর্ণ পদক জেতা services এর team কে আমার অনেক অনেক শুভেচ্ছা।রাষ্ট্রীয় খেলায় অংশগ্রহণকারী প্রত্যেক খেলোয়াড়ও প্রশংসনীয়। আমাদের অনেক খেলোয়াড় khelo india অভিযানের দান। হিমাচল প্রদেশের শাওন বারোয়াল, মহারাষ্ট্রের কিরণ মাত্রে, তেজাস শিরসে বা অন্ধ্র প্রদেশের জ্যোতি ইয়ারাজি, প্রত্যেকে দেশকে নতুন আশার আলো দেখিয়েছেন। উত্তরপ্রদেশের জাভেলিন থ্রোয়ার শচীন যাদব এবং হরিয়ানার হাই জাম্পার পূজা ও কর্নাটকের সুইমার ধিনিধি দেসিন্ধু দেশবাসীর মন জিতে নিয়েছেন। এঁরা তিনটে রাষ্ট্রীয় রেকর্ড বানিয়ে সবাইকে অবাক করে দিয়েছেন।এইবারের রাষ্ট্রীয় খেলায় teenage champions, তাঁদের নাম্বার, সত্যিই বিস্ময়কর! ১৫বছর বয়সী শুটার গ্যাবিন এন্টোনি, UP এর Hammer Throw-এর খেলোয়াড় ১৬ বছরের অনুষ্কা যাদব, মধ্যপ্রদেশের ১৯ বছরের পোলওয়ালটার দেব কুমার মিনা প্রমাণিত করেছেন যে ভারতের স্পোর্টিং ফিউচার,অত্যন্ত প্রতিভাবান প্রজন্মের হাতে আছে। উত্তরাখণ্ডে হওয়া ন্যাশনাল গেমস এটাও দেখিয়েছে যে কখনো হার না মানারা অবশ্যই জেতে কমফোর্ট এর মধ্যে থেকে কেউ চ্যাম্পিয়ন তৈরি হয় না। আমি অত্যন্ত খুশি যে আমাদের যুব অ্যাথলিট দের ডিটার্মিনেশন আর ডিসিপ্লিন এর সঙ্গে ভারত আজ গ্লোবাল স্পোর্টিং পাওয়ার হাউস হওয়ার দিকে দ্রুতগতিতে এগিয়ে চলেছে।

আমার প্রিয় দেশবাসী, দেরাদুনে ন্যাশনাল গেমস এর ওপেনিং চলাকালীন আমি একটি অত্যন্ত গুরুত্বপূর্ণ বিষয় সামনে এনেছি, যেটি দেশে একটি নতুন বিষয়ে চর্চার সূচনা করেছে - সেই বিষয়টি হলো ওবেসিটি অর্থাৎ স্থূলতা। একটি ফিট ও হেলদি নেশন বানানোর জন্য আমাদের ওবেসিটি সমস্যার সঙ্গে মোকাবিলা করতেই হবে। একটি সমীক্ষা অনুযায়ী আজ প্রত্যেক আটজনের মধ্যে একজন ব্যক্তি ওবেসিটির সমস্যায় জর্জরিত। বিগত বছরগুলিতে ওবেসিটির সমস্যা দ্বিগুণ হয়ে গিয়েছে। কিন্তু এর থেকেও বেশি চিন্তার বিষয় এটা যে বাচ্চাদের মধ্যেও স্থূলতার সমস্যা চার গুণ বেড়ে গেছে। WHO এর ডেটা অনুযায়ী 2022 এ পৃথিবীব্যাপী প্রায় আড়াইশো কোটি মানুষ ওভার ওয়েট ছিলেন, অর্থাৎ প্রয়োজনের তুলনায় অনেক বেশি ওজন ছিল। এই সংখ্যা অত্যন্ত চিন্তাজনক এবং আমাদের সবাইকে ভাবতে বাধ্য করছে যে এরকম আদপে হচ্ছে কেন?

অতিরিক্ত ওজন বা স্থুলতা বিভিন্ন ধরনের সমস্যা এবং অসুখের জন্ম দেয়। আমরা সকলে মিলে ছোট ছোট প্রচেষ্টার মাধ্যমে এই সমস্যার মোকাবিলা করতে পারি, যেমন একটা সমাধান আমি বলেছিলাম, "খাদ্যে ব্যবহৃত তেলের পরিমাণ দশ শতাংশ কমিয়ে ফেলা"। আপনারা সিদ্ধান্ত নিয়ে ফেলুন যে প্রত্যেক মাসে 10 শতাংশ কম তেল ব্যবহার করবেন। আপনারা সিদ্ধান্ত নিতে পারেন যে যতটা পরিমাণ তেল কেনেন , তার দশ শতাংশ কম কিনবেন। এটা ওবেসিটি কম করার প্রচেষ্টার ক্ষেত্রে একটি গুরুত্বপূর্ণ ধাপ হবে। আমি আজ মন কি বাত-এ এই বিষয়ে কিছু special message-ও আপনাদের সঙ্গে শেয়ার করতে চাই। অলিম্পিক মেডেলিস্ট নীরজ চোপড়াকে দিয়ে শুরু করা যাক। যিনি নিজে সাফল্যের সঙ্গে ওবেসিটিকে নিয়ন্ত্রণে নিয়ে এসেছেন -

অডিও

সকলকে নমস্কার, আমি নীরজ চোপড়া আজ আপনাদের সকলকে বলতে চাই যে আমাদের মাননীয় প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীজি মন কি বাত অনুষ্ঠানে এবার ওবিসিটির বিষয়ে আলোচনা করেছেন যা আমাদের দেশের জন্য খুবই গুরুত্বপূর্ণ আর আমি এই বিষয়টাকে কোথাও না কোথাও নিজের সঙ্গেও রিলেট করি কারণ যখন আমি গ্রাউন্ডে যাওয়া শুরু করেছিলাম সেই সময় আমার ওজন অতিরিক্ত ছিল আর যখন আমি ট্রেনিং স্টার্ট করলাম স্বাস্থ্যকর খাবার খাওয়া শুরু করলাম, তখন আমার হেলথের ক্ষেত্রে গুরুত্বপূর্ণ পরিবর্তন আসে আর তারপরে যখন আমি একজন প্রফেশনাল অ্যাথলিট হয়ে উঠলাম তখনও এটা আমায় খুব সাহায্য করেছে। আমি সঙ্গে সঙ্গে এটাও বলতে চাই যে পেরেন্টসরা নিজেরাও কোন একটা আউটডোর স্পোর্ট খেলুন এবং নিজেদের বাচ্চাদেরও সেখানে নিয়ে যান আর একটা হেলদি লাইফ স্টাইল গড়ে তুলুন। স্বাস্থ্যকর খাবার খান এবং নিজের শরীরের জন্যও এক ঘন্টা অথবা সারাদিনে যতোটুকু টাইম আপনি দিতে পারেন তা এক্সারসাইজের

ক্রমশঃ

# সিনেমার খবর

## নতুন সিনেমায় আলিয়া




স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন

আলিয়া ভাট বর্তমানে বলিউডের অন্যতম সবচেয়ে চাহিদাসম্পন্ন অভিনেত্রী। তিনি এখন সঞ্জয় লীলা ভানসালি পরিচালিত 'লাভ অ্যান্ড ওয়ার' সিনেমার শুটিং করছেন। সিনেমাটিতে তার সহঅভিনেতা রণবীর কাপুর এবং ভিকি কৌশল।

আলিয়া এই সিনেমার জন্য ২০০ দিনের বেশি সময় দিয়েছেন। ভানসালি সিনেমাটির কাজ আসছে অক্টোবরের মধ্যে সম্পন্ন করতে চান।

তবে নায়িকা এখন নতুন খবরের জন্য আলোচনায়। নতুন চমক দিতে যাচ্ছেন তিনি ভক্তদের। ভারতের জাতীয় পুরস্কার বিজয়ী পরিচালক নাগ আশ্বিন। তিনি 'কাল্কি ২৮৯৮ এডি' সিনেমা বানিয়ে আলোচনায় এসেছেন। নতুন চলচ্চিত্র পরিচালনা করতে প্রস্তুতি নিচ্ছেন তিনি। আর সেই সিনেমায় প্রধান ভূমিকায় অভিনয় করবেন আলিয়া ভাট। ছবিটি নির্মিত হবে বিগ বাজেটে। এতে থাকবে অ্যাকশন ও ইফেক্টের ছড়াছড়ি। পিঙ্কভিলা জানায়, সিনেমাটিতে কাজ করা নিয়ে আলিয়া অত্যন্ত উচ্ছ্বসিত। ইতিমধ্যেই গল্প পড়েছেন তিনি। পছন্দও করেছেন।

সূত্র আরও জানায়, আলিয়ার সঙ্গে নাগ আশ্বিনের আলোচনা চূড়ান্ত পর্যায়ে রয়েছে। আলিয়া 'লাভ অ্যান্ড ওয়ার' শেষ করে নতুন ছবির জন্য শিডিউল ঠিক করবেন। নভেম্বরে একটি অন্য সিনেমায় কাজের কথা আছে তার। এদিকে নাগ আশ্বিন তার সিনেমার কাজ নভেম্বর থেকেই শুরু করতে চান। কারণ তিনি ২০২৬ সালের দ্বিতীয়ার্ধে 'কাল্কি ২৮৯৮ এডি' ছবির সিক্যুয়েল বানাবেন। এর আগে তিনি নতুন সিনেমার সবরকম কাজ শেষ করতে চান।

তবে ছবিটির নাম ও আলিয়ার চরিত্রের ব্যাপারে কিছু জানা যায়নি। সেইসঙ্গে এটাও নিশ্চিত হওয়া যায়নি ছবিটিতে অন্যান্য তারকা কারা অভিনয় করবেন।

## কবীরের সঙ্গে বিয়ের গুঞ্জন কৃতি স্যাননের

স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন

হঠাৎই চাউর হলো বলিউড অভিনেত্রী কৃতি স্যাননের বিয়ের গুঞ্জন। অনেক দিন ধরেই কবীর বাহিয়ার সঙ্গে সম্পর্কে রয়েছেন কৃতি বলে শোনা যাচ্ছে। কখনও রেস্টুরেন্ট কখনও পার্টিতে একসঙ্গে ধরা দেন এ জুটি। যদিও নিজেদের সম্পর্ক নিয়ে মুখ খোলেননি দু'জনের কেউই। কিন্তু এরমাঝেই বলিপাড়ায় চলছে তাদের বিয়ের গুঞ্জন।

ভারতীয় গণমাধ্যমের এক প্রতিবেদনে বলা হয়, কবীর বাহিয়ার সঙ্গে দিল্লি বিমানবন্দরে



কৃতিকে দেখা যেতেই শুরু হয়েছে তাদের বিয়ের চর্চা। পরিবারের লোকজনের সঙ্গে দেখা করতেই তারা দিল্লিতে গিয়েছিলেন। সেখানে কবীর ও কৃতির পরিবারের সঙ্গে সাক্ষাৎ হয় একে অপরের। আর সেটাই তাদের বিয়ের জল্পনা বাড়িয়ে দিয়েছে।

প্রতিবেদনে আরও বলা হয়, বিমানবন্দরে একসঙ্গে হাঁটতে দেখা গিয়েছে এ জুটিকে। যদিও মাস্কে মুখ ঢেকে, টুপি ও সানগ্লাস পরেছিল। অন্যদিকে, কবীরকে একটি কালো ছিমছাম টি-শার্টে ও ম্যাচিং প্যান্ট, জুতোয় দেখা গিয়েছিল। কৃতী-কবীরের রসায়ন এদিন পাপারাজ্জিদের ক্যামেরায় লেন্সবন্দি হয়। তারপর থেকেই শুরু হয় তাদের বিয়ের জল্পনা। জানা যাচ্ছে, ২০২৫-এর শেষেই গাঁটছড়া বাঁধছেন এ জুটি।

## "আমি গান ছাড়া বাঁচব না": আশা ভোঁসলের জীবনের শেষ ইচ্ছা



স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন

বয়স নব্বই পেরোলেও সুরের জাদুতে এখনো মঞ্চ মাতিয়ে রাখেন ভারতের কিংবদন্তি সংগীতশিল্পী আশা ভোঁসলে। ব্যক্তিগত জীবনে তিনি কিংবদন্তি সুরকার আর ডি বর্মনের স্ত্রী। সম্প্রতি এক পডকাস্টে নিজের সংগীতজীবন ও মানসিক চ্যালেঞ্জ নিয়ে কথা বলেছেন তিনি।

মঞ্চে গান গাওয়ার সময় চ্যালেঞ্জের কথা জানালেন আশা

এই শিল্পী মঞ্চে পারফর্ম করার সময় মানসিক চাপের বিষয়টিও সামনে এনেছেন। সেই পডকাস্টে তিনি বলেন, "স্টুডিওতে গান গাওয়ার সময় একজন সংগীত পরিচালক থাকেন, সবকিছু সহজ হয়ে যায়। তবে মঞ্চে আমি একা। মঞ্চে আবেগ পুরো পরিবেশ দখল করে নেয়। তখন গলা আটকে যায়, কণ্ঠস্বর কাঁপে। স্মৃতিগুলো ভেসে আসে—সেই রাতগুলো, সেই চিঠিগুলো, বালিশের কাছে রাখা গোলাপগুলো। শ্রোতারাও তখন তাদের নিজস্ব অতীত স্মরণ করে, আমার সঙ্গে সংযোগ স্থাপন করে।"

শেষ ইচ্ছা জানালেন ৯১ বছরের আশা

৯১ বছর বয়সী আশা ভোঁসলে তার জীবনের সবচেয়ে বড় ইচ্ছার কথা শেয়ার করেছেন। তিনি জোর দিয়ে বলেছেন, তার একমাত্র ইচ্ছা হলো শেষ নিঃশ্বাস পর্যন্ত গান গাওয়া।

তিনি বলেন, "একজন মায়ের ইচ্ছা কী? তার সন্তানরা ভালো থাকুক। একজন ঠাকুমার ইচ্ছা? তার নাতি-নাতনিরা সুখে থাকুক। আর এখন আমার একমাত্র ইচ্ছা হলো, আমি যেন গান গাইতে গাইতেই মারা যাই। আমার শেখার মতো আর কিছুই বাকি নেই।"

তিনি আরও বলেন, "আমি আমার পুরো জীবন ধরে গেয়েছি। মাত্র তিন বছর বয়স থেকে শাস্ত্রীয় সংগীত শেখা শুরু করি। প্লেব্যাক গানের জগতে আছি ৮২ বছর ধরে। এখন আমার ইচ্ছে, আমি যেন গাইতে গাইতেই বিদায় নিতে পারি। এটাই আমাকে সবচেয়ে বেশি সুখী করবে।"

সবশেষে হাসিমুখে তিনি বলেন, "আমি গান ছাড়া বাঁচব না।"

চ্যাম্পিয়ন্স ট্রফি স্পেশাল

# আয়োজক পাকিস্তানকে সঙ্গে নিয়েই ডুবল বাংলাদেশ, সেমিতে নিউজিল্যান্ড

**স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন**

মঞ্চ আগেই প্রস্তুত হয়েছিল। শুধুমাত্র অঙ্কের কারণে লেখা যাচ্ছিল না। ঘরের মাঠে নিউজিল্যান্ডের বিরুদ্ধে উদ্বোধনী ম্যাচে হার দিয়ে চ্যাম্পিয়ন্স ট্রফি অভিযান শুরু হয়েছিল পাকিস্তানের। গতকাল অর্থাৎ রবিবার ভারতের কাছেও হেরেছে পাকিস্তান। এরপরই টুর্নামেন্ট থেকে বিদায় হয়ে গিয়েছিল আয়োজক পাকিস্তানের। কিন্তু অঙ্কের নিরিখে 'কার্যত' লিখতে হচ্ছিল। অন্য দিকে, বাংলাদেশও টুর্নামেন্ট শুরু করেছিল ভারতের কাছে হার দিয়ে। ফলে বাংলাদেশ ও পাকিস্তানের ছিটকে যাওয়া ছিলই সময়ের অপেক্ষা। গ্রুপ এ থেকে ভারতের সঙ্গে সেমিফাইনালে জায়গা করে নিল নিউজিল্যান্ড। এরপর পাকিস্তান-বাংলাদেশ ম্যাচ স্রেফ নিয়মরক্ষার। আর গ্রুপের শেষ ম্যাচে ভারত ও নিউজিল্যান্ড মুখোমুখি হবে গ্রুপ সেরা হওয়ার লড়াইয়ে।



রাওয়ালপিন্ডিতে এ দিন মুখোমুখি হয়েছিল বাংলাদেশ ও নিউজিল্যান্ড। টস জিতে রান তাড়ার সিদ্ধান্ত নিয়েছিল কিউয়িরা। বাংলাদেশ ৫০ ওভার ব্যাট করলেও পুঁজি ছিল মাত্র ২৩৬ রান। ক্যাপ্টেন নাজমুল হোসেন শান্ত মন্থর ৭৭ রানের ইনিংস খেলেন। লোয়ার অর্ডারে অবদান রাখেন জাকের আলি ও রিশাদ হোসেন। রাওয়ালপিন্ডির ব্যাটিং সহায়ক পিচে ১০ ওভারে মাত্র ২৬ রান দিয়ে ৪ উইকেট মাইকেল ব্রেসওয়েলের।

রাওয়ালপিন্ডির পিচে ২৩৭ রানের টার্গেট নিউজিল্যান্ডের জন্য অন্তত বড় ছিল না। কিন্তু শুরুতেই ওপেনার উইল ইয়ং ও কেন উইলিয়ামসনকে ফিরিয়ে বন্য আনন্দে মেতেছিল বাংলাদেশ শিবির। ওপেনার ডেভন কনওয়ের সঙ্গে ক্রিজে যোগ দেন রাচিন রবীন্দ্র। এই তরুণ ক্রিকেটার পাকিস্তানেই ত্রিদেশীয় সিরিজ খেলার সময় চোট পেয়েছিল। যে কারণে চ্যাম্পিয়ন্স ট্রফির প্রথম ম্যাচে তাঁকে খেলানো হয়নি। চ্যাম্পিয়ন্স ট্রফিতে অভিষেক ম্যাচও স্মরণীয় করে রাখলেন।

এর আগে ২০২৩ সালে ভারতের মাটিতে ওডিআই বিশ্বকাপের মঞ্চে অভিষেকেই সেঞ্চুরি করেছিলেন। টুর্নামেন্টে দুর্দান্ত পারফর্ম করেছিলেন এই তরুণ অলরাউন্ডার। চ্যাম্পিয়ন্স ট্রফিতেও নিজের ডেবিউ ম্যাচ সেঞ্চুরির ইনিংস। আইসিসি ওয়ান ডে টুর্নামেন্টে সব মিলিয়ে ৪টি সেঞ্চুরি! কিউয়ি ক্রিকেটারদের মধ্যে যা রেকর্ড। অবশেষে ১১২ রানে ফেরেন তিনি।

মিডল অর্ডারে টম ল্যাথাম দলকে জয়ের দোরগোড়ায় পৌঁছে আউট হন। ৫৫ রান করেন। গ্লেন ফিলিপস ও মাইকেল ব্রেসওয়েলের ছোট্ট একটা পার্টনারশিপে নিউজিল্যান্ডের ৫ উইকেটে জয় ও সেমিফাইনাল নিশ্চিত, আর বাংলাদেশ-পাকিস্তানের ছুটি।

## কিউইদের হাতে চ্যাম্পিয়ন্স ট্রফি দেখতে চান সাউদি



**স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন**

অভিজ্ঞ ও তরুণদের নিয়ে গঠিত নিউজিল্যান্ড দলটাকে বেশ ভারসাম্যপূর্ণ মনে হচ্ছে টিম সাউদির। পাকিস্তানে ত্রিদেশীয় সিরিজ জয় চ্যাম্পিয়ন্স ট্রফির জন্য দলকে আরও আত্মবিশ্বাসী করে তুলবে বলে মনে করেন তিনি। নিউজিল্যান্ডের সাবেক এই পেসারের বিশ্বাস, দীর্ঘ খরা কাটিয়ে এবার আইসিসি টুর্নামেন্টটির ট্রফি জিতবেন তার উত্তরসূরিরা।
করাচিতে গত শুক্রবার ফাইনালে পাকিস্তানকে হারিয়ে অপরাজিত থেকে ত্রিদেশীয় সিরিজের ট্রফি জিতে নেয় নিউজিল্যান্ড। সিরিজে দক্ষিণ আফ্রিকাকে একবার ও পাকিস্তানকে দুবার হারায় মিচেল স্যান্টনারের নেতৃত্বাধীন দল।
গত বছর আন্তর্জাতিক ক্রিকেটকে বিদায় জানানো পেসার আইসিসির সঙ্গে আলাপে বলেন, চ্যাম্পিয়ন্স ট্রফিতে কিউইদের ভালো কিছুর সম্ভাবনাই দেখছেন তিনি। দল যেভাবে খেলেছে, বিভিন্ন খেলোয়াড় দায়িত্ব নিয়ে এগিয়ে এসেছে। অভিজ্ঞ ও সম্ভাবনাময় তরুণ খেলোয়াড়ের মিশেলে দলটা বেশ ভালো। ত্রিদেশীয় সিরিজের অভিজ্ঞতা চ্যাম্পিয়ন্স ট্রফির জন্য ভালো কাজে লাগবে তাদের। তাই টুর্নামেন্টে কিছুটা মোমেন্টাম বয়ে আনা ও কন্ডিশনের সঙ্গে মানিয়ে নেওয়া, ভালো কিছু হতে চলেছে।'
২০০০ সালে কেনিয়ার নাইরোবিতে ফাইনালে ভারতকে হারিয়ে চ্যাম্পিয়ন্স ট্রফি (তখন নাম ছিল আইসিসি নকআউট ট্রফি) জিতেছিল নিউজিল্যান্ড। এবার সেটির পুনরাবৃত্তির আশায় আছেন সাউদি।

## আইপিএলের পূর্ণাঙ্গ সূচি প্রকাশ, ফাইনাল ইডেন গার্ডেন্সে



**স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন**

আনুষ্ঠানিকভাবে ইন্ডিয়ান প্রিমিয়ার লিগের (আইপিএল) পূর্ণাঙ্গ সূচি প্রকাশ করেছে বোর্ড অব কন্ট্রোল ফর ক্রিকেট ইন ইন্ডিয়া (বিসিসিআই)। ঘরের মাঠ ইডেন গার্ডেন্সে প্রথম ম্যাচ খেলবে গতবারের চ্যাম্পিয়ন কলকাতা নাইট রাইডার্স। ২২ মার্চ তাদের প্রতিপক্ষ রয়্যাল চ্যালেঞ্জার্স বেঙ্গালুরু। ২৩ মে দ্বিতীয় কোয়ালিফায়ার হবে কলকাতার মাঠে। ২৫ মে ফাইনাল মাঠে গড়াবে একই ভেন্যুতে।
২০১৩ ও ২০১৫ সালের আসরের পর প্রথমবার কলকাতায় হবে ফাইনাল। অন্য দুটি প্লে-অফ প্রথম কোয়ালিফায়ার ও এলিমিনেটর যথাক্রমে ২০ ও ২১ মে হবে হায়দরাবাদে।
৬৫ দিনের খেলায় ১২দিন হবে দুটি করে ম্যাচ, সব মিলিয়ে ৭৪ ম্যাচ হবে। এবার ভেন্যু বেড়ে হয়েছে ১৩টি। দশ দলের হোম ভেন্যুর পাশাপাশি ম্যাচ আয়োজিত হবে গুয়াহাটি, বিশাখাপত্তম ও ধর্মশালায়। গুয়াহাটি ও বিশাখাপত্নমে হবে দুটি করে ম্যাচ, তিনটি হবে ধর্মশালায়।
আইপিএলে মুম্বাই ইন্ডিয়ান্স ও বেঙ্গালুরু একে অপরের বিপক্ষে একটি ম্যাচই খেলবে। ৭ এপ্রিল মুম্বাইয়ে হবে সেই ম্যাচ। ১৭ মে লিগে নিজেদের শেষ ম্যাচেও মুখোমুখি হবে কলকাতা ও বেঙ্গালুরু।
পাঁচ বারের আইপিএল জয়ী চেন্নাইয়ের প্রথম ম্যাচ ২৩ মার্চ। প্রথম ম্যাচেই তারা খেলবে মুম্বাইয়ের বিপক্ষে। সেই ম্যাচ হবে চেন্নাইয়ে। দুই দল ২০ এপ্রিল মুখোমুখি হবে মুম্বাইয়ে। সেই দিনই দুপুরে হায়দরাবাদ এবং রাজস্থান একে অপরের বিরুদ্ধে খেলবে হায়দরাবাদে।
১৮ মে লিগের শেষ ম্যাচ খেলবে লক্ষ্ণৌ ও হায়দরাবাদ। দিনের ম্যাচ শুরু হবে বাংলাদেশ সময় বিকেল ৪টায়। আর রাতের ম্যাচ ৮টায়।

● স্বত্বাধিকারী, প্রকাশক, মুদ্রক : মৃত্যুঞ্জয় সরদার কর্তৃক প্রকাশিত এবং ১৬বি, নবীন কুন্ডু লেন, কলেজ রো, কলেজ স্ট্রীট, কলকাতা-৭০০০০৯ এবং ১৯ডি, জামির লেন, কলকাতা-৭০০০১৯ থেকে ডিজিটাল মুদ্রিত ● সম্পাদক : মৃত্যুঞ্জয় সরদার, ফোন : ৯৫৬৪৩৮২০৩১
● Printed, Published, Owned by MRITYUNJOY SARDAR ● Printed by Queen Press - Hedia, P.O. : Uttar Moukhali,P.S. : Jibantala, Dist. : South 24 Parganas, Pin : 743329
and Published at 19D, Jamir Lane, Kolkata- 700019 & 16 B, Nabin Kundu Lane, College Row, College Street, Kolkata -700009 ● Phone : 9564382031 Email : durodristhi@gmail.com Editor : MRITYUNJOY SARDAR